# ৪

# উপকূলীয় জেলেদের দল গঠন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ

৫—৯ অক্টোবর/৯০ ইং
পটুয়াখালী


প্রশিক্ষকবৃন্দ

১. রথীন্দ্র নাথ রায়
২. শহীদ হোসেন তালুকদার
৩. গুনেন্দু কুমার রায়
৪. সালমা বেগম

# প্রশিক্ষণ কর্মসূচী
## উপকূলীয় জেলেদের দল গঠন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ
### ৫–৯ অক্টোবর, ১৯৯০
### পটুয়াখালী

**দিন–১**

| | | | |
|---|---|---|---|
| ০৯০০–০৯৩০ | ঘন্টা | ঃ | উদ্বোধনী অনুষ্ঠান |
| ০৯৩০–১০৩০ | ” | ঃ | প্রশিক্ষণ প্রত্যাশা |
| ১০৩০–১৭০০ | ” | ঃ | দলের সজ্ঞা নিরূপণ ও দল গঠনের উদেশ্য |

**দিন–২**

| | | | |
|---|---|---|---|
| ০৯০০–১০৪৫ | ঘন্টা | ঃ | দল গঠন ও ব্যবস্থাপনার প্রয়োজনীয় পদক্ষেপ |
| ১১০০–১১৩০ | ” | ঃ | দলীয় সদস্য সংখ্যা নির্ধারণের বিবেচ্য বিষয় |
| ১১৩০–১২০০ | ” | ঃ | সদস্য নির্বাচনের মাপকাঠী |
| ১২০০–১৩৩০ | ” | ঃ | সাংগঠনিক ও অর্থনৈতিক কার্য্যকলাপের নিয়মাবলী নির্ধারণ |
| ১৪৩০–১৫১৫ | ” | ঃ | সাংগঠনিক ও অর্থনৈতিক কার্য্যকলাপের নিয়মাবলী নির্ধারণ |
| ১৫৩০–১৭০০ | ” | ঃ | অংশগ্রহণমূলক যৌথ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া |

**দিন–৩**

| | | | |
|---|---|---|---|
| ০৯০০–১০৪৫ | ঘন্টা | ঃ | দলীয় ব্যবস্থাপনা উপাদানসমূহ |
| ১১০০–১৩০০ | ” | ঃ | ব্যবস্থাপনা কাঠামো ও প্রক্রিয়া |
| ১৪০০–১৫৩০ | ” | ঃ | দলীয় ব্যবস্থাপনা কমিটির কাঠামো |
| ১৫৪৫–১৬৪৫ | ” | ঃ | দল পরিচালনায় সম্প্রসারণ কর্মীর ভূমিকা |
| ১৬৪৫–১৭৩০ | ” | ঃ | আত্ম-নির্ভরশীলতার ভিত্তিতে দলীয় কার্যাবলী |

**দিন–৪**

| | | | |
|---|---|---|---|
| ০৮৩০–০৯০০ | ঘন্টা | ঃ | প্রশিক্ষণ পুনশ্চয়ন |
| ০৯০০–১০৩০ | ” | ঃ | আভ্যন্তরীণ ও বহিঃ সম্পদ সমাবেশ ও ব্যবহার |
| ১০৩০–১২০০ | ” | ঃ | সঞ্চয়ের গুরুত্ব ও ব্যবহার পদ্ধতি |
| ১২০০–১৩০০ | ” | ঃ | ব্যাংকে দলীয় হিসাব খোলা ও পরিচালনা পদ্ধতি |
| ১৪০০–১৫৩০ | ” | ঃ | দলীয় ক্যাশ বই ও সাধারণ খতিয়ান লিখন পদ্ধতি |
| ১৫৩০–১৬০০ | ” | ঃ | একটি ভাল দলের বৈশিষ্ট্য |
| ১৬০০–১৭০০ | ” | ঃ | দল ব্যবস্থাপনায় মৎস্য অধিদপ্তরীয় সম্প্রসারণ কর্মীদের ভূমিকা |
| ১৭০০–১৭৩০ | ” | ঃ | প্রশিক্ষণ পর্যালোচনা ও মূল্যায়ন |

# উপকূলীয় জেলেদের দল গঠন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ
## ৫–৯ অক্টোবর '৯০
## স্থানঃ পটুয়াখালী

## অধিবেশন ৪.১ঃ উদ্বোধনী অনুষ্ঠান

**সময়ঃ** ৩০মিনিট।

**প্রক্রিয়াঃ**

সভাপতিঃ মিঃ আবুল কালাম আজাদ, জেলা মৎস্য কর্মকর্তা, পটুয়াখালী
প্রধান বক্তাঃ মিঃ রথীন্দ্র নাথ রায়, বি ও বি পি
বিশেষ বক্তাঃ মিঃ শহীদ হোসেন তালুকদার, প্রধান প্রশিক্ষক

মিঃ রায় তার বক্তব্যে বিগত এক বৎসরের প্রশিক্ষণ অভিজ্ঞতা ও সফলতার বিভিন্ন দিকসমূহ প্রশিক্ষণার্থীদের সমক্ষে তুলে ধরার চেষ্টা করেন। তিনি বলেন বিগত প্রশিক্ষণ উপকূলীয় জেলেদের অর্থ–সামাজিক উন্নয়নের জন্য সম্প্রসারণ কর্মীদের মধ্যে কতকগুলি দক্ষতা ও ধারণার জন্ম দিয়েছে। আর্থ–সামাজিক উন্নয়নের বিভিন্ন দিকসমূহ সম্প্রসারণ কর্মীবৃন্দ উপলব্ধি করতে পেরেছিলেন যার ফলশ্রুতিতে সম্প্রসারণের লক্ষ্যে সম্প্রসারণ কর্মীগণ কিছু প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন করতে সক্ষম হয়েছেন। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য হবে সম্প্রসারণ কর্মীগণ যাতে করে উপকূলীয় জেলেদেরকে দলীয়ভাবে সংগঠিত করে আর্থ–সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রণীত প্রকল্পসমূহ ফলপ্রসূভাবে বাস্তবায়ন করতে পারেন সে সম্পর্কে ধারণা ও দক্ষতা প্রদান করা।
তিনি এই প্রশিক্ষণের বিভিন্ন দিকসমূহে তাৎক্ষণিক আলোকপাত করতে গিয়ে দৃঢ়তার সথে উল্লেখ করেন, প্রশিক্ষণার্থীদেরকে অবশ্যই উপলব্ধি করতে হবে যে–

- দল বলতে কি বুঝানো হয়/দলের একটি সুস্পষ্ট সংজ্ঞা
- দলীয় ঐক্য ও সংহতি কি?
- সংগঠিত দল, বন্ধু–বান্ধবের দল ও আত্মীয়স্বজনের দলের মধ্যে পার্থক্য কি?

তিনি বলেন, প্রশিক্ষণার্থীদের মধ্যে উপলব্ধি আসলেই কেবল কর্মক্ষেত্রে গুণগত পরিবর্তন আনা সম্ভব। বিগত এক বৎসরের প্রশিক্ষণের মাধ্যমে সফলতা অর্জনের কথা বলতে গিয়ে তিনি আরও উল্লেখ করেন যে, সম্প্রসারণ কর্মীগণ তাদের কাজে যে সফলতা দেখিয়েছেন তাতে করে মৎস্য অধিদপ্তরের পরিচালক, উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মীদের কর্মের ব্যাপকতা আরও বাড়ানোর জন্য চিন্তা–ভাবনা করছেন। অদূর ভবিষ্যতে উক্ত কর্মকর্তাগণ উপকূলীয় জেলেদের আর্থ–সামাজিক উন্নয়নের জন্য ঋণদান কর্মসূচীও হাতে নিতে পারবেন এবং আগামী নভেম্বর মাস নাগাদ ঋণদান কর্মসূচীর উপর প্রশিক্ষণেরও ব্যবস্থা হবে বলে তিনি তার বক্তব্যে আলোকপাত করেন।
মিঃ শহীদ হোসেন তালুকদার তার বক্তব্যে উল্লেখ করেন যে, প্রত্যেকটি মানুষের মধ্যে যেমনি রয়েছে মানবিক গুণাবলী ঠিক তেমনি রয়েছে সৃজনশীল ক্ষমতা। প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে মানবিক গুণাবলীর বিকাশ সাধন করা ও সৃজনশীল ক্ষমতার প্রসার ঘটানো। কাজেই এই প্রশিক্ষণে অংশগ্রহণকারীর কার্যকর সক্রিয় অংশগ্রহণের মাধ্যমেই কেবল প্রশিক্ষণের ফলাফল পাওয়া যাবে।
উদ্বোধনী অধিবেশনে পটুয়াখালী জেলার জেলা মৎস্য কর্মকর্তা জনাব আবুল কালাম আজাদ উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে প্রশিক্ষণের শুভ উদ্বোধনী ঘোষণা করেন।

## অধিবেশন ৪.২ঃ প্রশিক্ষণ প্রত্যাশা

**সময়ঃ** ১ ঘন্টা।

**প্রক্রিয়াঃ**

স্বতঃস্ফূর্ত আলোচনার মাধ্যমে অংশগ্রহণকারীদের নিম্নলিখিত প্রত্যাশাসমূহ লিপিবদ্ধ করা হয়ঃ

১. সদস্য বাছাইয়ের মাপকাঠি
২. দল গঠনের উদ্দেশ্য ও পদ্ধতি
৩. দলভুক্ত সদস্যদের বয়স কত হবে ও দলীয় সদস্য হিসাবে স্থায়িত্বকালের সময়সীমা নিরূপণ
৪. পরিবারপিছু সদস্যসংখ্যা কত হওয়া বাঞ্ছনীয়

৫. একজন উন্নয়ন কর্মী হিসাবে দলের কাছে গ্রহণযোগ্যতা অর্জনের উপায়সমূহ নিরূপণ
৬. প্রত্যাশিত দলের রূপরেখা নিরূপণ
৭. দলের সদস্যসংখ্যা নিরূপণ
৮. দলের সদস্য হিসাবে কিভাবে বিশ্বাসযোগ্যতা অর্জণ করা যায়
৯. দলের সাংগঠনিক কাঠামো কি হবে
১০. দলের সাথে সংশ্লিষ্ট সংগঠনের সম্পর্ক কিরূপ হওয়া বাঞ্ছনীয়
১১. দল নিবন্ধিকরণ করা হবে কিনা
১২. দলকে কিভাবে কাজে উদ্বুদ্ধ করা যাবে
১৩. দলের সাংগঠনিক কার্যাবলী কি হবে
১৪. পুরুষ ও মহিলাদের নিয়ে একত্রে দল গঠন করা যাবে কি-না
১৫.- সদস্যদের ভর্ত্তি ফি লাগবে কি-না
১৬. সদস্যপদ গ্রহণের বিধিমালা থাকবে কি-না
১৭. দলে সদস্যদের স্থায়িত্বকাল কত সময়ের জন্য হবে
১৮. দলের আর্থিক নিয়মাবলী থাকবে কি-না
১৯. দল ব্যবস্থাপনা বিধিমালা প্রণয়ন করতে হবে কি-না

## অধিবেশন ৪.৩ঃ দলের সংজ্ঞা নিরূপণ ও দল গঠনের উদ্দেশ্য

**সময়ঃ** ৫ঘন্টা।

**প্রক্রিয়া ঃ**

এই অধিবেশনে প্রশিক্ষণার্থীগণকে ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত করা হয়। প্রতি দলে ৭(সাত) জন করে মোট ৩টি ক্ষুদ্র দল গঠম করা হয়। প্রশিক্ষণার্থীগণ সারির প্রথম থেকে ১,২,৩ এভাবে প্রতি ৩ জন করে সংখ্যা উচ্চারণ করেন এবং পরিশেষে সকল ১ সংখ্যা উচ্চারণকারীদেরকে নিয়ে ১নং দল, ২ সংখ্যা উচ্চারণকারীদেরকে নিয়ে ২ নং দল ও ৩ সংখ্যা উচ্চারণকারীদেরকে নিয়ে ৩ নং দল গঠন করা হয়।

এই অধিবেশনে আলোচ্য বিষয়ের উপর ক্ষুদ্র দলে আলোচনার মাধ্যমে মতামত পেশ করার জন্য সুযোগ সৃষ্টি করা হয়। প্রশিক্ষণার্থীগণ স্ব-স্ব দলের সদস্যদেরকে নিয়ে দলগত আলোচনার মাধ্যমে উক্ত বিষয়ের উপর মতামত পেশ করেন। আলোচনায় দলের সকল সদস্যকে সক্রিয়ভাবে অংশগ্রহণ করানোর সুযোগ সৃষ্টি করা হয়। দলগত আলোচনার প্রক্রিয়া দুপুর ১২-৩০ মিঃ পর্যন্ত অব্যাহত থাকে এবং ঐদিন শুক্রবার বিধায় নামাজ আদায়ের লক্ষ্যে নির্ধারিত সময়ের ৩০ মিঃ পূর্বেই অধিবেশনের সমাপ্তি ও ঐদিনের পরবর্তী অধিবেশনও নির্ধারিত সময়ের ৩০ মিঃ পরে শুরু করার কথা ঘোষণা করা হয়। দলীয় আলোচনার মতামত প্রতিদলের প্রতিবেদক কর্তৃক সফল উপস্থাপনার মধ্য দিয়ে আলোচনা শুরু হয়। এই মুক্ত আলোচনায় প্রতিদলের অকাট্য যুক্তিতর্কের মাধ্যমে আলোচ্যসূচীর উপর নিম্নলিখিত কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**দলের বৈশিষ্ট্য**

১. ঐক্যমতের ভিত্তিতে লক্ষ্য অর্জন
২. একতাবদ্ধ হওয়া
৩. সুনির্দিষ্ট বিধিমালা থাকা
৪. একই মনোভাবাপন্ন ও সমশ্রেণীর লোক
৫. সম্মিলিত প্রচেষ্টা
৬. পারস্পরিক বিশ্বাস ও শ্রদ্ধাবোধ

উপরোক্ত ৬ টি বৈশিষ্ট্যের আলোকে দলের একটি সংজ্ঞা নিরূপণ করা হয়ঃ
**"দল হচ্ছে একই মনোভাবাপন্ন একাধিক লোকের সমষ্টি যারা সর্বস্বীকৃত একটি সুনির্দিষ্ট লক্ষ্যকে সামনে রেখে পরস্পর পরস্পরের প্রতি বিশ্বাস ও শ্রদ্ধাবোধ নিয়ে একটি সুনির্দিষ্ট বিধিমালার নিয়ন্ত্রণাধীনে একতাবদ্ধ হয়ে সম্মিলিত প্রচেষ্টায় সমন্বিতভাবে কাজ করবেন।"**

**দলের উদ্দেশ্য ঃ**

১. অভীষ্ট লক্ষ্যকে দলীয় প্রচেষ্টায় সহজে বাস্তবায়ন করা
২. পারস্পরিক সহযোগিতা ও আত্মবিশ্বাসের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন ও সম্প্রসারণ
৩. দলীয় সদস্যদের স্বাবলম্বী করা ও স্বাবলম্বী হওয়ার প্রতি বিশ্বাস স্থাপন করা
৪. সদস্যদের আশা-আকাঙ্খার রূপায়ন ও বাস্তবায়ন করা
৫. দলীয় সদস্যদের সম্মিলিত আলোচনার মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়ায় সমস্যা চিহ্নিতকরণ ও সম্পদের আলোকে সমাধানের পদ্ধতি গ্রহণপূর্বক জীবনযাত্রার মান উন্নয়ন
৬. সংগঠনই শক্তির উৎস-ক্ষমতাহীনকে ক্ষমতাবান করা
৭. যৌথ নেতৃত্বের বিকাশ সাধনের মাধ্যমে প্রত্যেকের অভিব্যক্তি প্রকাশ করা
৮. দলীয় সদস্যদের দায়িত্বশীল করে গড়ে তোলা
৯. ন্যায় প্রতিষ্ঠা করা ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ করা

এর পর "দল গঠন ও ব্যবস্থাপনায় প্রয়োজনীয় পদক্ষেপ" শীর্ষক বিষয়বস্তুর উপর ব্যক্তিগতভাবে উপলব্ধি ও ধারণা সৃষ্টির জন্য বাড়ীর কাজ প্রদান করা হয় ও ঐ দিনের মত প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

## অধিবেশন ৪.৪ ঃ দল গঠন ও ব্যবস্থাপনায় প্রয়োজনীয় পদক্ষেপ

**সময় ঃ** ১ ঘন্টা ৪৫ মিনিট।

**প্রক্রিয়া ঃ**
**উপরোক্ত বিষয়বস্তুর উপর ব্যক্তিগতভাবে বাড়ীতে যে কাজ দেওয়া হয়েছিল সেটাই দলীয়ভাবে আলোচনা করে দলীয় মতামত লিপিবদ্ধ করতে বলা হয়।**

ছোট দলে ও বড় দলে আলোচনা ও গভীর বিশ্লেষণ ছিল এ অধিবেশনের পদ্ধতি। এই অধিবেশনে প্রতিটি দল তাদের মতামত উপস্থাপন করতঃ প্রতিটি মতামতের তাত্ত্বিক বিশ্লেষণ ও গুণগত দিকসমূহ প্রশিক্ষণার্থীদের সমক্ষে বিশদভাবে বিশ্লেষণ করার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত মতামতসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

"দল গঠন ও ব্যবস্থাপনায় মৎস্য অধিদপ্তরীয় কর্মীদের করণীয়"

- নির্বাচিত এলাকায় অনুপ্রবেশ ও জেলেদের আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ
- জেলেদের সঙ্গে পরিচিতির মাধ্যমে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক স্থাপন
- মহিলা দল গঠনের ক্ষেত্রে গ্রামের অভীষ্ট জনসাধারণের পুরুষদের সংগে আলাপ করে উদ্বুদ্ধ করা
- অভীষ্ট জনগোষ্ঠী থেকে সমশ্রেণীভুক্ত জেলে নির্বাচন ও তালিকা প্রণয়ন
- জেলেদের সহিত ব্যক্তি পর্যায়ে আলোচনার মাধ্যমে তাদের সমস্যা চিহ্নিত করা ও দল গঠনের প্রয়োজনীয়তা উপলব্ধি করানো
- দলীয়ভাবে মতামত বিনিময় করা
- প্রস্তুতিপর্বের সাধারণ সভা অনুষ্ঠানের মাধ্যমে দলীয় লক্ষ্য, নীতিমালা ও বিধিমালা নির্ধারণ করতঃ দল পরিচলানার জন্য কমিটি গঠন করা
- দলীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সদস্যদের মধ্যে দায়িত্ব বন্টন করা
- নিয়মিতভাবে সাপ্তাহিক সভা পরিচালনা করা ও সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা
- দলীয় কার্যকলাপ পর্যালোচনা করা
- উদ্ভুত সমস্যার আলোকে সমাধানের ব্যবস্থা নেওয়া

- দলীয় সঞ্চয় সংগ্রহ করা ও সংগৃহীত সঞ্চয় ব্যাংকে জমাদান নিশ্চিত করা
- দলীয় হিসাবপত্র সংরক্ষণের ব্যবস্থা নেওয়া
- দলীয় কার্যকলাপ নিয়মিত পর্যালোচনা, মূল্যায়ন ও প্রতিবেদন তৈরী করা

## অধিবেশন ৪.৫ ঃ দলীয় সদস্য–সংখ্যা নির্ধারণের বিবেচ্য বিষয়

**সময় ঃ** ৩০ মিনিট।

**প্রক্রিয়া ঃ**

উপকূলীয় জেলেদের সংগঠনের সদস্য নির্বাচন করার নিমিত্তে কি কি বিষয় বিবেচনা করতে হবে এবং সংগঠনের সদস্য সংখ্যা কত হবে তা নিয়ে প্রশিক্ষণার্থীদের মতামতের প্রতিফলন ঘটানো হয় এবং নিম্নলিখিত দুইটি বিষয় সুষ্ঠু সম্প্রসারণের লক্ষ্যে সদস্য–সংখ্যা নির্ধারণের প্রধান, বিবেচ্য বিষয় হিসাবে স্বীকৃতি পায়ঃ

১. প্রকল্পের ধরন অনুযায়ী দলের সদস্য নির্বাচন করা যাবে
২. ব্যবস্থাপনা সুবিধার আলোকে দলীয় সদস্য–সংখ্যা নিরূপণ করা যাবে

এ প্রসংগে পটুয়াখালী–বরগুনা জেলার প্রকল্প এলাকায় বিভিন্ন প্রকল্পে নিয়োজিত সদস্য–সংখ্যা প্রশিক্ষণার্থীগণ উপস্থাপন করেন যা নিম্নরূপঃ

| ক্রমিকসংখ্যা | প্রকল্পের নাম | নিয়োজিতসদস্য–সংখ্যা |
|---|---|---|
| ১ | একুয়াকালচার | ৫–১০ জন |
| ২. | বৃক্ষ রোপণ | ১০–১৫ জন |
| ৩. | স্বাস্থ্য ও পুষ্টি | ২০–২৫ জন |
| ৪. | পোষ্ট–হারভেষ্ট | ৫–১০ জন |
| ৫. | জাল ও নৌকার ঋণ | ৫–১০ জন |
| ৬. | অন্যান্য আয় ও কর্মসংস্থান কার্যাবলী | ৫–১০ জন |

পরিশেষে দু'ধরনের কার্যক্রমের জন্য দলীয় সদস্য–সংখ্যা নিরূপণ করা হয়–

১. অর্থনৈতিক কার্যক্রমের জন্য দলীয় সদস্য ৫ থেকে ১০ জন
২. অর্থনৈতিক বহির্ভূত কার্যক্রমের জন্য দলীয় সদস্য ১৫ থেকে ২৫ জন

## অধিবেশন ৪.৬ ঃ সদস্য নির্বাচনের মাপকাঠি

**সময় ঃ** ৩০মিনিট।

**প্রক্রিয়া ঃ**

জেলে সংগঠনের সদস্য নির্বাচনকালে যে যে মাপকাঠির ভিত্তিতে সদস্য নির্বাচন করা যাবে প্রশিক্ষণার্থীগণ দলীয় আলোচনা ও দলীয় ঐক্যমতের ভিত্তিতে তা ঠিক করেন, যা নিম্নরূপঃ

- জেলে হতে হবে
- গ্রামের স্থায়ী বাসিন্দা হতে হবে
- সবচেয়ে অবহেলিত ও দরিদ্র হতে হবে; যেমনঃ
  - ক. বাস্তুভিটা ছাড়া চাষযোগ্য জমি নাই
  - খ. কায়িক শ্রম বিক্রি করে জীবিকা নির্বাহ করে
  - গ. মহাজনের কাছে দাদন/ঋণগ্রস্ত

ঘ. জাল নৌকা পর্যাপ্ত নাই
ঙ. বিধবা ও তালাকপ্রাপ্তা মহিলা জেলে

- বয়স সীমা পুরুষদের ক্ষেত্রে ১৮-৫০ বৎসর
- বয়স সীমা মহিলাদের ক্ষেত্রে ১৫-৪৫ বৎসর
- দলীয় কার্যকলাপে আগ্রহী হতে হবে
- দলীয় কার্যকলাপে সময় দিতে পারে
- সমমনোভাবাপন্ন হতে হবে
- সামাজিক দিক থেকে সকল সদস্যের নিকট গ্রহণযোগ্য হতে হবে

## অধিবেশন ৪.৭ : সাংগঠনিক ও অর্থনৈতিক কার্যকলাপের নিয়মাবলী নির্ধারণ

**সময় :** ২ ঘন্টা ১৫ মিনিট।

**প্রক্রিয়া :**
উপরোক্ত আলোচ্য বিষয়কে দুইটি পর্বে বিভক্ত করা হয়। ১ম পর্বে প্রশিক্ষণার্থীগণ দলগতভাবে মুক্ত চিন্তার ঝড়ের মাধ্যমে মতামত পেশ করেন। এই অধিবেশনটি অন্যান্য অধিবেশনের থেকে একটু ভিন্নভাবে পরিচালিত হয়। এই দলগত আলোচনা পর্যবেক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের মধ্য থেকেই একজন সহায়ক নির্বাচন করা হয়। প্রশিক্ষণার্থীরা নিজেরাই এই সহায়ক নির্বাচন করেন যিনি প্রশিক্ষকের পরিবর্তে এই অধিবেশন সম্পূর্ণ একাকী পরিচালনা করেন। প্রশিক্ষণের উপর প্রশিক্ষণার্থীদের কতটুকু আস্থা এবং দক্ষতা অর্জন হয়েছে তা মূল্যায়ন করাই ছিল এই ব্যতিক্রমধর্মী অধিবেশন পরিচালনার উদ্দেশ্য।
মধ্যাহ্ন বিরতির পর ২য় পর্বে উপরোক্ত বিষয়ের উপর দলীয়ভাবে গৃহীত মতামত সমবেত দলে প্রকাশ করা হয়। প্রত্যেক দলের পক্ষে দলের প্রতিবেদক বক্তব্য উপস্থাপনা করেন এবং সমবেতভাবে নিম্নলিখিত ধারণাসমূহ গৃহীত হয়ঃ

### সাংগঠনিক কার্যকলাপ

**১. নিয়মিত সাপ্তাহিক সভা :**
- সদস্যদের সম্মতিক্রমে সভার তারিখ ও স্থান নির্ধারণ
- দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতি ব্যতিরেকে কোন সিদ্ধান্ত গৃহীত হবে না
- কোন সদস্য ক্রমাগতভাবে তিনটি সাপ্তাহিক সভায় অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে সদস্যবৃন্দ যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবেন

**২. দলীয় সংহতি ও শৃংখলা রক্ষা :**
- দলীয় বিধি-বিধান অবশ্যই পালন করতে হবে; অন্যথায় সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে
- সদস্যদের অবশ্যই রাজনৈতিক প্রভাব-মুক্ত থাকতে হবে

## অধিবেশন ৪.৮ : অংশগ্রহণমূলক যৌথ–সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া

**সময় :** ১ ঘন্টা ৩০ মিনিট।

**প্রক্রিয়া :**
অংশগ্রহণমূলক যৌথ-সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া। একটি ভূমিকা অভিনয়ের মাধ্যমে এই অধিবেশনের কাজ শুরু করা হয়। প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ৭(সাত) জনকে স্বেচ্ছাপ্রণোদিতভাবে এ ভূমিকায় অংশগ্রহণ করার জন্য আহবান করা হলে ৭ (সাত)

জন প্রশিক্ষণার্থী এ ভূমিকায় অংশগ্রহণ করেন। ভূমিকায় অবতীর্ণ প্রশিক্ষণার্থীদের মধ্যে কোন নির্বাচিত নেতা ছিলেন না। তাদেরকে ২ (দুইটি) বিষয়ের উপর সিদ্ধান্ত নিতে বলা হয়ঃ

১. সাপ্তাহিক সভায় সদস্যদের উপস্থিতি নিশ্চিতকরণ
২. সাপ্তাহিক সঞ্চয় আমানত জমা দেওয়ার জন্য সদস্যগণকে উদ্বুদ্ধকরণ

দলীয় আলোচনায় সদস্যদের অংশগ্রহণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের জন্য মোট ২০ (বিশ) মিনিট সময় প্রদান করা হয়। বাকী প্রশিক্ষণার্থীগণকে উক্ত প্রক্রিয়াটি পর্যবেক্ষণের জন্য বলা হয়। ভূমিকা অভিনয়টি নির্ধারিত সময়ের মধ্যেই শেষ হয় এবং পরবর্তীতে উক্ত প্রক্রিয়ার উপর নিম্নবর্ণিত পর্য্যবেক্ষণ মতামত প্রদান করা হয়ঃ

১. যিনি উক্ত দলে স্বভাবজাত নেতা হিসাবে আত্মপ্রকাশ করেন তিনি অন্যদেরকে আলোচনায় সামগ্রিকভাবে অংশগ্রহণ করাতে ব্যর্থহয়েছেন।
২. দেখা গেছে, সভায় সদস্যদের উপস্থিতি নিশ্চিতকরণের বিষয় আলোচনার পরিবর্তে কোন সদস্য অনুপস্থিত থাকলে কি কি ধরনের শাস্তি প্রদান করা হবে এবং শাস্তিস্বরূপ কত টাকা জরিমানা করা হবে সেটা নিয়েই বেশী আলোচনা করেন।

এই পর্য্যবেক্ষণ মতামতের পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত মন্তব্য প্রণীত হয়ঃ

১. যৌথ আলোচনার মাধ্যমে কোন দলীয় সিদ্ধান্ত গ্রহণ করতে হলে উপস্থিত সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণ করাতে হবে।

## অধিবেশন ৪.৯ঃ দলীয় ব্যবস্থাপনার উপাদানসমূহ

**সময়ঃ** ১ ঘন্টা ৪৫ মিনিট।

**প্রক্রিয়া ঃ**

উক্ত বিষয়বস্তুর উপর "মুক্ত-চিন্তার ঝড়" পদ্ধতির মাধ্যমে প্রশিক্ষণার্থীদের মতামতের প্রতিফলন ঘটানো হয়। প্রতিফলিত মতামতের উপর তাত্ত্বিক বিশ্লেষণের মাধ্যমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

১. সদস্যদের প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন
২. সঞ্চয় সংগ্রহ ও ব্যবহার
৩. তহবিল গঠন ও রক্ষণাবেক্ষণ
৪. যোগযোগ ও সমন্বয়
   - দলের সদস্যদের মধ্যে যোগাযোগ
   - মৎস্য অধিদপ্তরের কর্মকর্তাদের মধ্যে যোগাযোগ
   - সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ
৫. দলীয় শৃংখলা ও দায়িত্ববোধ প্রতিষ্ঠা ও অনুসরণ
৬. দলীয় সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ড তদারকি, পর্য্যালোচনা এবং সংশোধন
৭. দক্ষতা-ভিত্তিক দায়িত্ব বন্টন ও পালন
৮. সম্পদের সমাবেশ ও সুষ্ঠু ব্যবহার (নিজস্ব সম্পদ ও বহিঃ সম্পদ)
৯. সম্পদের আলোকে পরিকল্পনা গ্রহণ
১০. নিয়মিত মূল্যায়ন ও প্রয়োজনীয় প্রতিবেদন তৈরী
১১. দলীয় লেন-দেন এর হিসাব ও নথিপত্র সংরক্ষণ
১২. উৎসাহ ও উদ্দীপনা সৃষ্টি করা
১৩. যৌথ নেতৃত্বের বিকাশ
১৪. সভা অনুষ্ঠান পরিচালনা ও অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ
১৫. সময় ব্যবস্থাপনা
১৬. পরিবেশ সৃষ্টি করা

## অধিবেশন ৪.১০ঃ ব্যবস্থাপনা কাঠামো ও প্রক্রিয়া

**সময়ঃ** ২ ঘন্টা।

**প্রক্রিয়া ঃ**

২ টি পর্বে উপরোক্ত বিষয়ের উপর উম্মুক্ত অধিবেশনে আলোচনা অনুষ্ঠিত হয়। ১ম পর্বে পটুয়াখালী-বরগুনা প্রকল্প এলাকায় কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের জন্য মৎস্য অধিদপ্তরের বর্তমান কাঠামোতে কি কি সুবিধা ও অসুবিধা আছে সেগুলি নিয়ে বিস্তারিতভাবে আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনার পরিপ্রেক্ষিতে উপস্থিত প্রশিক্ষণার্থীগণ কাঠামোগত কিছু কিছু বাধা-বিপত্তির কথা উল্লেখ করেন এবং ব্যক্তিগত প্রেরণা ও উদ্যোগের মাধ্যমে সমস্যাবলী সমাধান করে কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের দৃঢ় সংকল্পের প্রত্যয় ব্যক্ত করেন। এ প্রসংগে ঘূর্ণায়মান ঋণ তহবিল কিভাবে পরিচালিত হবে সেটারও একটা সুপারিশমালা যৌথ মতামতের বিনিময়ে পেশ করেন। সুপারিশে বলা হয় যে-

১. ঘূর্ণায়মান ঋণ তহবিল (Revolving Loan Fund) জেলাভিত্তিক হবে
২. জেলার মৎস্য কর্মকর্তা ও বি ও বি পি-এর প্রতিনিধি যৌথভাবে উক্ত তহবিল পরিচালনা করবেন
৩. জেলাস্থ ব্যাংকে তহবিলের একটি হিসাব খোলা হবে
৪. জেলার মৎস্য কর্মকর্তা ও বি ও বি পি-এর প্রতিনিধির যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে
৫. উপজেলা কর্মকর্তাগণ প্রকল্প প্রস্তাবনা তৈরী করে জেলা মৎস্য কর্মকর্তার নিকট পাঠাবেন
৬. জেলা মৎস্য কর্মকর্তা প্রকল্পগুলি অনুমোদন করবেন
৭. স্ব-স্ব দলের অনুমোদিত ঋণের টাকার চেক স্ব-স্ব দলের নামে উপজেলাস্থ ব্যাংক হিসাবে সরাসরি পাঠানো হবে
৮. একটি প্রকল্পে দুই ধরনের খরচ থাকতে পারে
   - ফেরতযোগ্য
   - অফেরতযোগ্য
৯. কেবল ফেরতযোগ্য টাকাই চেকের মাধ্যমে প্রদান করা হবে এবং অফেরতযোগ্য টাকা নগদে এককালীন বিতরণ করা হবে
১০. স্ব-স্ব উপজেলার কর্মকর্তাগণ দলের নামে প্রেরীত টাকার প্রাপ্তি দলের সংগে যোগাযোগের মাধ্যমে নিশ্চিত করবেন
১১. একইভাবে দল ঋণের টাকা সুদসহ জেলাস্থ ঘূর্ণায়মান ঋণ তহবিলে প্রেরণ করবেন
১২. প্রকল্পে বিনিয়োগকৃত টাকার সুদ অবশ্যই এ তহবিলে পরিশোধ হবে
১৩. পরবর্তীতে সুদের টাকা বিভিন্ন দলের সঞ্চয় আমানতের আনুপাতিক হারে তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে

## অধিবেশন ৪.১১ঃ দলীয় ব্যবস্থাপনা কমিটির কাঠামো

**সময়ঃ** ১ ঘন্টা ৩০ মিনিট।

**প্রক্রিয়া ঃ**

উক্ত বিষয়ের উপর দলগত আলোচনার মাধ্যমে নিম্নলিখিত মতামত প্রতিফলিত হয়ঃ

১. প্রতি দলে একটি ব্যবস্থাপনা কমিটি থাকবে
২. ৫ থেকে ১০ সদস্যবিশিষ্ট দলে ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা হবে অনধিক ২ (দুই) জন
৩. ১১ ও তদূর্ধ (সর্ব্বোচ্চ ২৫ জন) সদস্যবিশিষ্ট দলে ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যা হবে ৩ (তিন) জন

### ব্যবস্থাপনা কমিটির সদস্য হওয়ার যোগ্যতা

দলীয় আলোচনার ভিত্তিতে উক্ত বিষয়ে প্রতিফলিত মতামতের সার-সংক্ষেপ নিম্নরূপঃ

১. যদি দলে অক্ষরজ্ঞানসম্পন্ন সদস্য থাকে তবে উক্ত সদস্যকে কমিটিতে আনার জন্য অগ্রাধিকার দিতে হবে
২. ব্যবস্থাপনা কমিটির সদস্য দলের সকল সদস্যদের নিকট গ্রহণযোগ্য হতে হবে
৩. ব্যবস্থাপনা কমিটির সদস্যকে দলের কাজে অবশ্যই প্রয়োজনীয় সময় দিতে হবে
৪. দলীয় কার্য পরিচালনায় দক্ষ হতে হবে
৫. দলীয় সকল ধরনের কাজে আগ্রহী হতে হবে

## অধিবেশন ৪.১২ ঃ  দল পরিচালনায় সম্প্রসারণকর্মীর ভূমিকা

**সময় ঃ** ১ঘন্টা।

**প্রক্রিয়া ঃ**

ভূমিকা- অভিনয়ের মাধ্যমে প্রতিপাদ্য বিষয়টির উপর আলোচনার প্রক্রিয়া শুরু হয়। প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ১১ জন উক্ত ভূমিকা অভিনয়ে অবতীর্ণ হন। অবতীর্ণ ১১ জনের মধ্যে ১০ জন দলের সদস্যের ভূমিকায় ও ১ জন সম্প্রসারণ কর্মীর ভূমিকা পালন করেন। প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে অংশগ্রহণের আহবান জানালে অবতীর্ণ প্রশিক্ষণার্থীগণ স্বেচ্ছায় সাড়া দেন ও অভিনয়ে অংশগ্রহণ করেন। অবশিষ্ট সকল প্রশিক্ষণার্থীকে ভূমিকা অভিনয়টি পর্যবেক্ষণ করতে বলা হয়। অভিনয়ের সময়কাল ৩০ মিঃ নির্ধারিত করা হয়। অভিনয়টি নির্ধারিত সময়ের ৩ মিনিট পরে শেষ হয় এবং পরবর্তীতে পর্যবেক্ষণ দল তাদের নিম্নরূপ মতামতসমূহ পেশ করেনঃ

১. সম্প্রসারণ কর্মী সদস্যদের সভায় হাজির হয়ে সকলের সংগে কুশলাদি বিনিময় ও করমর্দন করে গ্রহণ-যোগ্যতা অর্জন করেন যা খুবই সুন্দর হয়েছিল
২. সম্প্রসারণ কর্মী মাঝে মধ্যে সদস্যদের সংগে ইংরেজী শব্দ ব্যবহার করেন যা পরিহার করা উচিত
৩. সম্প্রসারণ কর্মী অনেকটা তাড়াহুড়া করে কথা-বার্তা বলেন যা আরও ধীরে-সুস্থে বলা উচিত বলে বাঞ্ছনীয়
৪. দলীয় সদস্যদের মধ্যে কেউ কেউ অস্বাভাবিক অভিনয় করেন যা আদৌও কাম্য ছিল না
৫. সম্প্রসারণ কর্মী ব্যবস্থাপনা কমিটির প্রয়োজনীয়তা উপলব্ধি করাতে সক্ষম হয়েছিলেন
৬. সম্প্রসারণ কর্মী দলীয় সদস্যদের মধ্যে লেখা-পড়া জানা সদস্য আছেন কি-না তার খোঁজ করেন নাই
৭. সময় ব্যবস্থাপনা সম্পর্কে তাদের ধারণা খুবই স্পষ্ট বলে প্রতীয়মান হয়েছিল

## অধিবেশন ৪.১৩ ঃ  আত্মনির্ভরশীলতার ভিত্তিতে দলীয় কার্যাবলী

**সময় ঃ** ৪৫মিনিট।

**প্রক্রিয়া ঃ**

প্রতিপাদ্য বিষয়ের উপর সকল প্রশিক্ষণাথীর সমবেত উপস্থিতিতে বড় দলে আলোচনা শুরু হয়। প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে স্ব-উদ্যোগে আলোচনা শুরু করার আহবান জানালে আলোচনার সূত্রপাত ঘটে এবং বিস্তারিত আলোচনার মাধ্যমে নিম্নলিখিত বিষয়সমূহ গৃহীত হয়ঃ

১. গাছ লাগানো
২. শাক্‌সব্জী চাষ
৩. হাঁস-মুরগী পালন
৪. নিরক্ষরতা দূরীকরণ
৫. হাঁস মুরগীর টীকাদান
৬. স্বাস্থ্য শিক্ষা ও পরিচর্যা
৭. সঞ্চয়ের মাধ্যমে মূলধন সৃষ্টি ও নিজস্ব মূলধন ঋণ দানের মাধ্যমে ব্যবহার
৮. মাছ চাষ
৯. পরিবেশ পরিচ্ছন্ন রাখা
১০. বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড গ্রহণ করা

পরিশেষে প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের অভিজ্ঞতা সঞ্চারণের জন্য বিভিন্ন সংগঠন কর্তৃক স্ব-উদ্যোগে গৃহীত কিছু সফল প্রকল্পের বাস্তব অভিজ্ঞতার কাহিনী তুলে ধরেন। এর পর ঐদিনের মত প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

## অধিবেশন ৪.১৪ঃ প্রশিক্ষণ পুনশ্চয়ন

**সময়ঃ** ৩০মিনিট।

**প্রক্রিয়া ঃ**
অধিবেশনের শুরুতে প্রশিক্ষক এ পর্যন্ত অনুষ্ঠিত প্রশিক্ষণ অধিবেশনগুলির পর্যালোচনা করেন যার পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণার্থীগণ বলেন–

১. এই প্রশিক্ষণের ফলস্বরূপ দল সংগঠিত করা হবে
২. আত্ম–বিশ্বাস সৃষ্টি হয়েছে
৩. দলীয় কার্যকলাপ পরিচালনার দক্ষতা অর্জিত হয়েছে
৪. অংশগ্রহণমূলক প্রশিক্ষণ সম্পর্কে সুস্পষ্ট ধারণা জন্মেছে

## অধিবেশন ৪.১৫ ঃ আভ্যন্তরীণ ও বহিঃসম্পদ সমাবেশ ও ব্যবহার

**সময় ঃ** ১ ঘন্টা ৩০ মিনিট।

**প্রক্রিয়া ঃ**
দলীয়ভাবে উক্ত প্রতিপাদ্য বিষয়ের আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনাক্রমে নিম্নলিখিত বিষয়সমূহ লিপিবদ্ধ করা হয়।
একটি দলে কি কি আভ্যন্তরীণ সম্পদ আছে ও কিভাবে তা ব্যবহার করা যায়ঃ

১. ভিটাবাড়ী–শাক সব্জী, ফলমূল, হাঁস–মুরগী, গরু–বাছুর পালন ও গাছ লাগানোর কাজে ব্যবহার করা যেতে পারে
২. পতিত ও অনাবাদী পুকুর/ডোবা/জলাশয়ে দলীয়ভাবে মাছের চাষ করা যেতে পারে
৩. জাল/নৌকা–সদস্যদের মধ্যে যার জাল বা নৌকা আছে তিনি তা ব্যবহার করবেন

### বহিঃসম্পদ

১. সরকারী বিভিন্ন দপ্তরের সেবা
   যেমন– কৃষি, পশুসম্পদ, মৎস্য, বনায়ন, স্বাস্থ্য ও পরিবার–পরিকল্পনা, ব্যাংক ও অন্যান্য ঋণদান প্রতিষ্ঠান
২. সরকারী খাস পুকুর/জলাশয়
৩. রাস্তার পার্শ্বে গাছ লাগানো
৪. সরকারী/বেসরকারী বিভাগ ও ব্যক্তি পর্যায়ের নিকট থেকে দক্ষতা গ্রহণ
৫. প্রতিটি সদস্যকে তাদের ন্যায্য পাওনা ও ন্যায় অধিকারের জন্য তাদের কি কি প্রাপ্য তা জানানো

প্রশিক্ষক এ প্রসংগে সম্প্রসারণ–কর্মীদের ভূমিকা আলোচনা করতে গিয়ে বলেন যে, একজন সম্প্রসারণ কর্মীর ভূমিকা হবেঃ

১. প্রেরণা দানকারী
২. প্রশিক্ষণ প্রদানকারী
৩. বিভিন্ন সেবা ও সম্পদ প্রাপ্তি বিভাগ বা ব্যক্তির সহিত দলের যোগাযোগকারীর
৪. মূল্যায়নকারী

সর্বোতভাবে প্রশিক্ষক উল্লেখ করেন যে, একজন সম্প্রসারণ কর্মীর উদ্দ্যোগ, আচরণ ও ব্যবহারের বিভিন্ন দিকসমূহই মূলতঃ দলের উপর প্রাধান্য বিস্তার করে।

## অধিবেশন ৪.১৬ ঃ   সঞ্চয়ের গুরুত্ব ও ব্যবহার পদ্ধতি

**সময় ঃ** ১ ঘন্টা ৩০ মিনিট।

**প্রক্রিয়া ঃ**

মুক্ত আলোচনায় প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে স্বেচ্ছায় অংশগ্রহণের মাধ্যমে প্রতিপাদ্য বিষয়ের উপর আলোচনা শুরু হয়। আলোচনা ২টি পর্বে স্থান পায়। ১ম পর্বে সঞ্চয়ের গুরুত্বের উপর ও ২য় পর্বে সঞ্চয় ব্যবহারের উপর আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনার সারসংক্ষেপ নিম্নরূপঃ

সঞ্চয়ের গুরুত্ব

১. ভবিষ্যতের নিরাপত্তার জন্য
২. আত্মনির্ভরশীলতার জন্য
৩. আত্মবিশ্বাস সৃষ্টির জন্য
৪. দুর্দিনে জরুরী অবস্থা মোকাবিলার জন্য
৫. পুঁজি সৃষ্টি ও উৎপাদন বৃদ্ধির জন্য
৬. মহাজনী ঋণের শোষণ থেকে মুক্তি পাওয়ার জন্য
৭. অতিরিক্ত খরচের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য
৮. দলীয় আর্থিক দক্ষতা বাড়ানোর জন্য
৯. দলীয় ভিত্তিতে ঋণ কর্মসূচী চালানোর জন্য

**সঞ্চয়ের ব্যবহার**

১. সঞ্চয়ের টাকা অবশ্যই ব্যাংকে গচ্ছিত রাখতে হবে
২. সঞ্চয়ের টাকা দিয়ে দলীয় সদস্যদেরকে মতামতের ভিত্তিতে ঋণ দেয়া যাবে
৩. সদস্যদের ঐক্যমতের ভিত্তিতে দলীয় অর্থনৈতিক কর্মকান্ডে বিনিয়োগ করা যাবে
৪. সঞ্চয়ের টাকা ঝুকিপূর্ণ প্রকল্পে বিনিয়োগ করা যাবে না
৫. সঞ্চয়ের টাকা সদস্যদের। ব্যক্তি বিশেষের টাকা অবশ্যই ফেরতযোগ্য

আলোচনা শেষে প্রশিক্ষক মন্তব্যে উল্লেখ করেন যে, সদস্যদেরকে সঞ্চয় প্রদানে উদ্বুদ্ধকরণ ও সঞ্চয়ের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে ব্যক্তিগত ও দলীয় পর্যায়ে পুঁজি সৃষ্টিকরণের লক্ষ্যে সম্প্রসারণ কর্মীকে অবশ্যই অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

## অধিবেশন ৪.১৭ ঃ  ব্যাংকে দলীয় হিসাব খোলা ও পরিচালনা পদ্ধতি

**সময় ঃ** ১ ঘন্টা।

**প্রক্রিয়া ঃ**

প্রশিক্ষণার্থীগণ মুক্ত আলোচনার মাধ্যমে ব্যাংকে হিসাব খোলার নিয়ম-কানুন ও হিসাব পরিচালনা পদ্ধতির উপর ঐক্যমতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেনঃ

১. ব্যাংকে দলের নামে একটি সঞ্চয়ী (সেভিংস একাউন্ট) হিসাব খোলা হবে
২. সাপ্তাহিক সভায় হিসাব খোলা ও পরিচালনার জন্য রেজুলেশন করতে হবে
৩. ব্যাংকে হিসাব খোলার আবেদনপত্রের সংগে রেজুলেশনের কপি প্রদান করতে হবে
৪. দলের ৩ জনকে হিসাব পরিচালনার দায়িত্ব দেয়া হবে
৫. যে কোন সময় ব্যাংক থেকে টাকা উঠাতে হলে দলের সাপ্তাহিক সভায় রেজুলেশন করতে হবে
৬. রেজুলেশনের কপিসহ যত টাকা উঠাতে হবে সেই টাকার চেকে ৩ জন স্বাক্ষরকারীর যে কোন ২ জনের যৌথ স্বাক্ষরে টাকা উঠানো যাবে

## অধিবেশন ৪.১৮ ঃ দলীয় ক্যাশবই ও সাধারণ খতিয়ান লিখন পদ্ধতি

**সময় ঃ** ১ ঘন্টা ৩০ মিনিট।

**প্রক্রিয়া ঃ**

প্রশিক্ষক ব্ল্যাক বোর্ডে ক্যাশবই ও সাধারণ খতিয়ান বই এর নমূনা সমবেত প্রশিক্ষণার্থীদের সমক্ষে তুলে ধরেন এবং লিখন পদ্ধতি উদাহরণসহ বর্ণনা করেন। প্রশিক্ষক ক্যাশবই ও খতিয়ান বই রাখার প্রয়োজনীয়তা সম্পর্কে প্রশিক্ষণার্থীদেরকে জ্ঞাত করেন। দলীয় ঋণ ব্যবস্থাপনা প্রশিক্ষণে ব্যবহৃত হ্যান্ডআউট দ্রষ্টব্য। দলীয় হিসাবের খাতাপত্র রক্ষণাবেক্ষণের প্রতিও প্রশিক্ষক প্রক্ষিণার্থীদের দৃষ্টি আকর্ষণ করেন এবং এ ব্যাপারে সম্প্রসারণ কর্মীর ভূমিকা উল্লেখ করতে গিয়ে তিনি বলেন–

- প্রাথমিক পর্য্যায়ে সম্প্রসারণ কর্মীগণকে দলের পক্ষে হিসাব রক্ষণাবেক্ষণ, খাতাপত্র লিখন ইত্যাদি কাজ করতে হবে এবং দলীয় সদস্যদের দক্ষতা বৃদ্ধি করাতে হবে।

## অধিবেশন ৪.১৯ ঃ একটি ভাল দলের বৈশিষ্ট্য কি কি

**সময়ঃ** ৩০মিনিট।

**প্রক্রিয়া ঃ**

মুক্ত আলোচনার মাধ্যমে সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের ভিত্তিতে প্রশিক্ষক আলোচনার সূত্রপাত ঘটানঃ
ভাল দলের বৈশিষ্ট্য হিসাবে যে যে চিত্রগুলি ফুটে উঠে তা নিম্নরূপঃ

১. যে দলে নিয়মিত সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয়
২. মাসে যে দলে ৪টি সাপ্তাহিক সভা হয়
৩. যে দলের সদস্যগণ দলীয় সিদ্ধান্ত অনুযায়ী ধার্যকৃত সাপ্তাহিক সঞ্চয় জমা দেয়
৪. ঋণ সঠিক ব্যবহার করে ও সময়মত ঋণের টাকা ফেরত দেয়
৫. সদস্যরা দলীয় নিয়ম-কানুন ও শৃংখলা মেনে চলে
৬. দলীয় হিসাবপত্র সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করে
৭. যৌথভাবে সিদ্ধান্ত গ্রহণ করে ও সিদ্ধান্ত বাস্তবায়ন করে
৮. বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান ও বিভাগের সাথে যোগাযোগ করে তাদের কাছ থেকে সেবা আদায় করে থাকে
৯. দলীয় সদস্যরা একতাবদ্ধ হয়ে কাজ করে এবং একে অপরের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রাখে।

## অধিবেশন ৪.২০ ঃ দল ব্যবস্থাপনায় মৎস্য অধিদপ্তরীয় সম্প্রসারণ কর্মীদের ভূমিকা

**সময়ঃ** ১ঘন্টা।

**প্রক্রিয়া ঃ**

প্রশিক্ষক দল-ব্যবস্থাপনার বিগত অধিবেশনগুলিতে যে সমস্ত প্রতিপাদ্য বিষয়সমূহ আলোচিত হয়েছে তার সার-সংক্ষেপ প্রশিক্ষণার্থীদের সমক্ষে তুলে ধরেন। এর পরিপ্রেক্ষিতে প্রশিক্ষণার্থীগণ আলোচনার মাধ্যমে একজন সম্প্রসারণকর্মীর ভূমিকা নিম্নরূপ বলে মত পোষণ করেনঃ

১. প্রাথমিক পর্যায়ে হিসাবরক্ষকের দায়িত্ব পালন
২. পর্যায়ক্রমে দলীয় সদস্যকে প্রশিক্ষণ দেয়া
৩. দলের সদস্যদেরকে উদ্বুদ্ধ করা
৪. প্রাথমিক পর্যায়ে নেতার ভূমিকা পালন করা
৫. একটি দলকে পূর্ণাংগ দলে রূপ দেয়া

প্রশিক্ষক বিশেষভাবে উল্লেখ করেন যে, একজন সম্প্রসারণ কর্মীর সদিচ্ছা থাকলে অবশ্যই তার করণীয় অনেক কাজ থাকে। তার আচার-আচরণই দলীয় সদস্যরা অনুকরণ করার চেষ্টা করে। তার মনের অন্তর্নিহিত ভাবধারাই দলের সদস্যদের মন-মানসিকতায় প্রভাব বিস্তার করে।

## অধিবেশন ৪.২১ ঃ প্রশিক্ষণ পর্যালোচনা ও মূল্যায়ন

**সময় ঃ** ৩০ মিনিট।

**প্রক্রিয়া ঃ**

নিম্নবর্ণিত বিষয়াদির উপর সমগ্র প্রশিক্ষণ কর্মসূচী পর্যালোচনা ও মূল্যায়ন করা হয়ঃ

১. প্রশিক্ষণ কোর্সের বিষয়বস্তু
২. আলোচনার প্রক্রিয়া
৩. সাংগঠনিক দিকসমূহ

উপরোক্ত বিষয়ের উপর মুক্ত আলোচনায় নিম্নলিখিত তথ্য পাওয়া যায়ঃ

১. প্রশিক্ষণের বিষষবস্তু খুবই প্রাসংগিক ছিল
২. যে সমস্ত প্রত্যাশা ছিল-তার প্রতিফলন ঘটেছে
৩. সকলের অংশগ্রহণ সক্রিয় ছিল
৪. আলোচনার গতিধারা সঠিক ছিল
৫. প্রশিক্ষকের ভাষায় সাবলীলতা ও কথায় মাধুর্য ছিল
৬. প্রশিক্ষণ অধিবেশনগুলি হাস্যরসে ভরপুর ছিল
৭. বসার স্থান ভাল ছিল
৮. সময়মত সবাই প্রশিক্ষণে হাজির হয়েছে
৯. চা-চক্র ও দুপুরের খাবার ব্যবস্থা যথা সময়ে করা হয়েছিল
১০. প্রশিক্ষণ খুব প্রাসংগিক ও বাস্তবভিত্তিক ছিল
১১. প্রশিক্ষণ মাঠ পর্যায়ে খুবই প্রয়োগযোগ্য
১২. প্রশিক্ষণ সময় একদিন বাড়ালে আরও ভাল হতো

অতঃপর প্রশিক্ষকবৃন্দ ও প্রশিক্ষণার্থীগণের পক্ষ থেকে বিদায়ী বক্তব্যের মাধ্যমে কোর্সের সমাপ্তি ঘোষণা করা হয়।